গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৭৭/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ১৩ মার্চ ২০১৯, ২৯ ফাল্গুন ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির কাছে ব্রিটিশ হাইকমিশনার ও তিন রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ
২। হাসপাতালেই প্রাইভেট প্র্যাকটিসের সুযোগ রাখতে প্রধানমন্ত্রীর নির্দেশনা
একনেকে ৬ প্রকল্প অনুমোদন
৩। ফায়ার সার্ভিসের সামর্থ্য বাড়াতে কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৪। ডাকসু ভিপি, জিএসসহ নির্বাচিত সকলকে অভিনন্দন জানিয়েছেন তথ্যমন্ত্রী
৫। তথ্যপ্রযুক্তিতে বেসরকারিখাতকেও এগিয়ে আসতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
৬ । এডিপি'র বাস্তবায়ন বেড়েছে : পরিকল্পনামন্ত্রী
৭। গ্যাসোলিন ইঞ্জিন কার উৎপাদনে বিনিয়োগে আগ্রহী জাপান
মেগা ফার্নিচার ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি গড়ে তুলতে আগ্রহ প্রকাশ সৌদি উদ্যোক্তার
৮। বর্তমান প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে হবে : রেলমন্ত্রী
৯। ইন্টারনেটে 'এক দেশ এক রেট' চাইলেন তথ্যপ্রযুক্তি মন্ত্রী
১০। সুষ্ঠু অভিবাসনের তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে হবে : প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী
১১। ১১ ড্রেজিং প্রকল্পের মাধ্যমে সাড়ে ৮৪ কোটি টন পলি অপসারণ করা হবে : নৌ প্রতিমন্ত্রী
১২। দেশে ডাউনলিঙ্ককৃত বিদেশি টিভি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার বন্ধের নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়
১৩। অবৈধ দখলদারদের প্রতি কঠোর হুঁশিয়ারি ডিএনসিসি মেয়র আতিকের
১৪। সরকারি ব্যবস্থায় হজের নিবন্ধন আগামী ২১ মার্চ পর্যন্ত

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতির কাছে ব্রিটিশ হাইকমিশনার ও তিন রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে গতকাল (১২ মার্চ মঙ্গলবার) বঙ্গভবনে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার এবং কঙ্গো, বেলজিয়াম ও গুয়েতেমালার অনিবাসী রাষ্ট্রদূতরা আলাদাভাবে তাঁদের পরিচয়পত্র পেশ করেছেন। পরিচয়পত্র পেশকারীরা হলেন–ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন এবং কঙ্গোর অনিবাসী রাষ্ট্রদূত আন্দ্রে পোহ, বেলজিয়ামের অনিবাসী রাষ্ট্রদূত ফ্রাঙ্কোইস ডেলহায়ে ও গুয়েতেমালার অনিবাসী রাষ্ট্রদূত জিওভানি রেনে ক্যাস্টিলো পোলাঙ্কো। রাষ্ট্রদূতদের স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, বাংলাদেশ বাণিজ্য, শিল্প ও বিনিয়োগখাতে সম্পর্ক সম্প্রসারণকে প্রাধান্য দেয়। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, বাংলাদেশে তাঁদের (হাইকমিশনার ও রাষ্ট্রদূতরা) দায়িত্ব পালনকালে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও সম্প্রসারিত হবে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.৪), **সমকাল** (পৃ.১৫,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**২। হাসপাতালেই প্রাইভেট প্র্যাকটিসের সুযোগ রাখতে প্রধানমন্ত্রীর নির্দেশনা**
**একনেকে ৬ প্রকল্প অনুমোদন**

সরকারি সব হাসপাতালে ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস করার জন্য আলাদা কর্নার রাখার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেইসাথে সকল সরকারি হাসপাতালে আইসিইউ'র ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরস্থ এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকশেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের এ তথ্য জানান। সভায় ৩৭৯ কোটি ৯৬ লাখ টাকা ব্যয়ে সরকারি কর্মচারি হাসপাতালকে ৫০০ শয্যায় উন্নীতকরণ প্রকল্প অনুমোদন দেওয়া হয়। হাসপাতালের পরিবেশ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, হাসপাতাল খোলামেলা পরিবেশে হতে হবে। এগুলো যেন ফ্ল্যাট বাড়ির মতো না হয়। ফুডকোর্ট, বাচ্চাদের ডে কেয়ার, চিকিৎসক, নার্স এবং টেকনিশিয়ানদের প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে। হাসপাতালে মনোরম পরিবেশ তৈরি করতে একটা বাগান থাকতে পারে। বিশেষজ্ঞ ডাক্তাররা অধিক মানুষকে চিকিৎসাসেবা দিতে পারেন এমন আলাদা কর্নার থাকতে পারে। ক্যান্সার, কিডনি, পক্ষাঘাত, হার্ট-বক্ষব্যাধি চিকিৎসাসুবিধা যাতে সব হাসপাতালে থাকে এ বিষয়টা নিশ্চিত করতে হবে। বাংলাদেশের সকল জেলা-উপজেলায় মানুষ উন্নতমানের চিকিৎসাসেবা যাতে পায় সে ব্যবস্থা করা হবে। গতকাল একনেক সভায় ২ হাজার ৬৫০ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ের মোট ৬টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। ফায়ার সার্ভিসের সামর্থ্য বাড়াতে কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, মানুষের জানমাল রক্ষায় ফায়ার সার্ভিসের সামর্থ্য বৃদ্ধিতে কাজ করছে সরকার। এছাড়া সম্প্রতি চকবাজারের অগ্নিদুর্ঘটনা, নৌডুবিসহ বিভিন্ন দুর্যোগ মোকাবিলায় প্রতিষ্ঠানটি প্রশংসনীয় ভূমিকা রেখেছে বলে মন্তব্য করেছেন তিনি। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) রাজউকের পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১২ নম্বর সেক্টর এলাকায় নিজস্ব কার্যালয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নবনিযুক্ত কর্মকর্তাদের কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৪। ডাকসু ভিপি, জিএসসহ নির্বাচিত সকলকে অভিনন্দন জানিয়েছেন তথ্যমন্ত্রী**

ডাকসু ভিপি, জিএসসহ নির্বাচিত সকলকে অভিনন্দন জানিয়েছেন তথ্যম ড. হাছান মাহ্মুদ। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) আওয়ামী লীগ সভাপতির ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে দলের প্রচার উপ-কমিটির সভাশেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে তথ্যমন্ত্রী তাদের অভিনন্দন জানান। তিনি বলেন, অতীতের নির্বাচন এবং দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের দিকে তাকালে দেখবেন সেখানে কিছু প্রার্থী বা প্যানেল সবসময় বেশি ভোট পায়। গত ১১ মার্চ সোমবারের নির্বাচনেও সেই একই ঘটনা ঘটেছে। সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে যারা নির্বাচন নিয়ে প্রশ্ন তুলেছিল এবং নির্বাচন বর্জন করা নিয়ে কথা বলেছিল তাদের একজন প্রার্থী জয়লাভ করেছে। তিনি আরো জানান, আগামী ১৭ মার্চ জাতির পিতার ৯৯তম জন্মদিন ও আগামী ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ১৭ মার্চ মুজিব বর্ষ উপলক্ষে দলের পক্ষ থেকে প্রকাশনাসহ নানা কর্মসূচি নেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৫। তথ্যপ্রযুক্তিতে বেসরকারিখাতকেও এগিয়ে আসতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, তথ্যপ্রযুক্তিখাত নিয়ে আমাদের সামনে নতুন সুযোগ তৈরি হয়েছে। এজন্য সরকারের পাশাপাশি বেসরকারিখাতকেও এগিয়ে আসতে হবে। এছাড়া নতুন প্রজন্মের জন্য প্রথাগত শিক্ষার বাইরে দক্ষতাভিত্তিক শিক্ষার প্রসার ঘটাতে হবে। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক সংলাপে তিনি এ কথা বলেন। 'চতুর্থ শিল্প বিপ্লব' শীর্ষক এ সংলাপের যৌথভাবে আয়োজন করে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিশ্ব অর্থনৈতিক ফোরাম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

৬। **এডিপি'র বাস্তবায়ন বেড়েছে : পরিকল্পনামন্ত্রী**

চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম ৮ মাসে (জুলাই থেকে ফেব্রুয়ারি) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অর্থ ব্যয় হয়েছে ৭০ হাজার ৭৭২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৩৯ শতাংশ। গত অর্থবছরে একই সময়ে এডিপি বাস্তবায়নের হার ছিল ৩৮ শতাংশ। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে একনেক বৈঠক পরবর্তী সংবাদসম্মেলনে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এ তথ্য জানান। পরিকল্পনামন্ত্রী জানান, গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরের প্রথম আট মাসে আট হাজার ৪০০ কোটি টাকা বেশি অর্থ ব্যয় হয়েছে। গত অর্থবছরের একই সময়ে ব্যয় করা হয়েছিল ৬২ হাজার ৩৭২ কোটি টাকা। **সূত্র : সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

৭। **গ্যাসোলিন ইঞ্জিন কার উৎপাদনে বিনিয়োগে আগ্রহী জাপান**
**মেগা ফার্নিচার ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি গড়ে তুলতে আগ্রহ প্রকাশ সৌদি উদ্যোক্তার**

বাংলাদেশে গ্যাসোলিন ইঞ্জিন কার ম্যানুফ্যাকচারিং শিল্পে যৌথ অংশীদারিত্বে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে জাপান। এছাড়া, ইলেক্ট্রনিক হোম অ্যাপ্লায়েন্স (বৈদ্যুতিক গৃহস্থালি সরঞ্জাম) শিল্পেও এ দেশে বিনিয়োগের চমৎকার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত হিরোয়াসিও ইজুমি গতকাল (১২ মার্চ মঙ্গলবার) শিল্প মন্ত্রণালয়ে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সাথে বৈঠককালে এ আগ্রহ প্রকাশ করেন।

অন্যদিকে বাংলাদেশে একটি মেগা ফার্নিচার ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি গড়ে তুলতে আগ্রহ প্রকাশ করেছে সৌদি আরবের উদ্যোক্তা প্রতিষ্ঠান ইঞ্জিনিয়ারিং ডাইম্যানশন্স। এছাড়া, প্রতিষ্ঠানটি পেট্রো কেমিক্যাল, চিনিসহ অন্যান্য সম্ভাবনাময় শিল্পখাতেও বিনিয়োগ করবে। সৌদি ইঞ্জিনিয়ারিং ডাইম্যানশন্সের প্রেসিডেন্ট মোহাম্মদ এন হিজি এর নেতৃত্বে সৌদি আরবের এক ব্যবসায়িক প্রতিনিধিদল শিল্প মন্ত্রণালয়ে শিল্পমন্ত্রীর সাথে বৈঠককালে এ কথা বলেন। বৈঠকে সৌদি ইঞ্জিনিয়ারিং ডাইম্যানশন্সের প্রেসিডেন্ট ছাতকে সৌদি-বাংলাদেশ মৈত্রী সিমেন্ট কোম্পানি লিমিটেড কারখানা এবং জেনারেল ইলেক্ট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানি (জেমকো) এর উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও পণ্য বৈচিত্র্যকরণে গৃহীত বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের অব্যাহত সহযোগিতা কামনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

৮। **বর্তমান প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ নূরুল ইসলাম সুজন বলেছেন, বর্তমান প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে হবে। এজন্য বই আকারে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। মন্ত্রী গতকাল (১২ মার্চ মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে আবুল হোসেন পিস ফাউন্ডেশন এর উদ্যোগে মুক্তিযোদ্ধা আবুল হোসেন রচিত 'বাংলাদেশের রাজনীতি' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন করার সময় এ কথা বলেন। রেলমন্ত্রী বলেন, বর্তমান প্রজন্মের কাছে সঠিক তথ্য তুলে ধরা আমাদের দায়িত্ব। আমরা যারা মুক্তিযুদ্ধ করেছি এর বাস্তব ঘটনাপ্রবাহ তুলে ধরে বই প্রকাশ করলে পরবর্তী প্রজন্ম সঠিক ইতিহাস জানতে পারবে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৯। **ইন্টারনেটে 'এক দেশ এক রেট' চাইলেন তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

টেলিকম সেক্টরে সেবার মানে কোনো ছাড় দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। তিনি অপারেটরদের কাছে দাবি তোলেন, 'এক দেশ এক রেট' হতে হবে। সবাই যেন সমান সুবিধা পান সেটা নিশ্চিত করতে হবে। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে টেলিকম রিপোর্টার্স নেটওয়ার্ক-টিআরএনবি আয়োজিত 'ডিজিটাল সেবায় ট্রান্সমিশন নেটওয়ার্ক, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক গোলটেবিল বৈঠকে মন্ত্রী এসব কথা বলেন। তিনি আরো বলেন, দেশের প্রতিটি গ্রামকে ডিজিটাল গ্রামে পরিণত করাই বর্তমান সরকারের লক্ষ্য। তিনি টেলিযোগাযোগ সেবার গুণগতমান নিশ্চিত করার প্রয়োজনে ভর্তুকি দিতে হলেও সরকার তা বিবেচনা করবে বলে মত দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

১০। **সুষ্ঠু অভিবাসনের তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে হবে : প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ বলেছেন, অভিবাসন ব্যয় কমিয়ে আনার জন্য সরকার কাজ করছে। নিরাপদ ও সুষ্ঠু অভিবাসনের জন্য জনগণের কাছে তথ্য পৌঁছে দিতে হবে। এ জন্য ইউনিয়ন পর্যায়ে তথ্য কেন্দ্রকে সম্পৃক্ত করা হচ্ছে। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে 'শ্রম অভিবাসনের ক্ষেত্রে সুশাসন : অর্জন, অভিজ্ঞতা এবং কর্মপন্থা' শীর্ষক এক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেপ্পো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.৮,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

=৪=

১১। **১১ ড্রেজিং প্রকল্পের মাধ্যমে সাড়ে ৮৪ কোটি টন পলি অপসারণ করা হবে : নৌ প্রতিমন্ত্রী**

নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, ড্রেজিংয়ের মাধ্যমে নৌপথ তৈরি করা একটি চ্যালেঞ্জিং কাজ। ১০ হাজার কিলোমিটার নৌপথ খনন করার সক্ষমতা আমাদের আছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে জিডিপি'র হার ডাবলডিজিটে উন্নীত করা হবে। নৌপথ খননে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তারা এগিয়ে আসছে, এটি একটি ভাল দিক। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'মাল্টি-স্টকহোল্ডার ওয়ার্কশপ অন ড্রেজিং: অপরচুনিটিজ এন্ড চ্যালেঞ্জেস' এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১২। দেশে ডাউনলিঙ্ককৃত বিদেশি টিভি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার বন্ধের নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়**

বাংলাদেশে ডাউনলিঙ্কপূর্বক সম্প্রচারিত সব বিদেশি টিভি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার অবিলম্বে আবারও বন্ধ করার নির্দেশ দিয়েছে তথ্য মন্ত্রণালয়। তথ্য মন্ত্রণালয় সম্প্রতি জারি করা এক পত্রে বলেছে, ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ এর ধারা ১৯-এর ১৩ নম্বর উপধারায় বিদেশি টিভি চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু বাংলাদেশে ডাউনলিঙ্কপূর্বক সম্প্রচারিত কোনো কোনো বিদেশি টিভি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে মর্মে জানা গেছে, যা উক্ত আইনের পরিপন্থী। আগামী ১ এপ্রিলের পর আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

**১৩। অবৈধ দখলদারদের প্রতি কঠোর হুঁশিয়ারি ডিএনসিসি মেয়র আতিকের**

অনুরোধের পরও অবৈধ দখল ছেড়ে না দিলে দখলদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) নবনির্বাচিত মেয়র আতিকুল ইসলাম। তিনি বলেছেন, 'বর্ষার আগে যত দ্রুত সম্ভব খালগুলো উদ্ধার করে নগরবাসীকে জলাবদ্ধতা থেকে মুক্তি দিতে চাই। দখলদাররা স্থাপনা সরিয়ে না নিলে আগামী (১৭ মার্চ রোববার) থেকে অভিযান শুরুর ঘোষণা দেন তিনি। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) ডিএনসিসি'র জলাবদ্ধতাপ্রবণ এলাকাগুলো পরিদর্শনে গিয়ে মেয়র এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১৪। সরকারি ব্যবস্থায় হজের নিবন্ধন আগামী ২১ মার্চ পর্যন্ত**

২০১৯ সালে সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীর নির্ধারিত কোটা এখনও খালি রয়েছে। তাই আগামী ২১ মার্চ পর্যন্ত সরকারি ব্যবস্থাপনায় হজ পালনে আগ্রহীরা প্রাক-নিবন্ধন ও নিবন্ধন করতে পারবেন। গতকাল (১২ মার্চ মঙ্গলবার) ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সময়মতো যাচাই-বাছাইয়ের সুবিধার্থে হজের নিবন্ধনে আগ্রহীদের আগামী ২১ মার্চের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে প্রাক-নিবন্ধন সনদসহ পাসপোর্ট জমা দিতে হবে। প্রাক-নিবন্ধনের ২২৭৬৫ ক্রমিক থেকে পরবর্তী ক্রমিক নম্বরধারীরা এ সময়ের মধ্যে নিবন্ধন করতে পারবেন। এছাড়া যেসব প্রাক-নিবন্ধনকারী নির্ধারিত সময়ে নিবন্ধন করতে পারেননি, তাদের জন্যও সুযোগ রাখা হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

### সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ট্রেনে কাটা পড়ে প্রায়ই প্রাণহানির ঘটনা ঘটছে উল্লেখ করে এ ব্যাপারে দীর্ঘমেয়াদি সমাধানের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, যুগান্তর, সংবাদ :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন অবশেষে সম্পন্ন হয়েছে উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সুষ্ঠু রাখতে নির্বাচিত প্রতিনিধিদের শান্তিপূর্ণ সহাবস্থানের আহ্বান।

গ. **যায়যায়দিন :** অর্থ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ৩৩টি খাতে দুর্নীতির প্রমাণ পেয়েছে দুর্নীতি দমন কমিশন ও এসব দুর্নীতি প্রতিরোধে কমিশন ২১ দফা সুপারিশ পেশ করেছে উল্লেখ করে দুর্নীতি নির্মূলে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **ভোরের কাগজ :** ইলিশের অভয়ারণ্য হিসেবে চিহ্নিত অংশগুলোতে মাছ ধরার ওপর নিষেধাজ্ঞা জারি করা হলেও নিষেধাজ্ঞা অমান্য করে জাটকা শিকার চলছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে আইনি পদক্ষেপের পাশাপাশি সচেতনতা বৃদ্ধিও জরুরি বলে মতপ্রকাশ।

ঙ. **সংবাদ :** দেশে শাক-সবজি, চিংড়ি, শুঁটকিতে ক্ষতিকর মাত্রায় কীটনাশকের উপস্থিতি ধরা পড়ার পর এবার চালে পাওয়া গেল মারাত্মক ক্ষতিকর ভারি ধাতু এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে কীটনাশকের যথেচ্ছ ব্যবহার বন্ধ করে ক্ষতিকর কীটনাশক দমনে প্রাকৃতিক পদ্ধতি ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করার আহ্বান।

চ. **অবজারভার :** মাদকের আগ্রাসন হতে যুবসমাজকে রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** শিশু অধিকার রক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

### উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শুধু সরকারি এবং বেসরকারি প্রচেষ্টা অব্যাহত থাকলেই হবেনা, সাধারণ জনগণকেও নদী রক্ষায় সচেতন ও সোচ্চার হতে হবে।

### নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'খাদ্য নিরাপত্তা ও নারী কৃষিকর্মীর মূল্যায়ন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে, পুষ্টির নিশ্চয়তা বিধান করতে হলে দেশের ৬ কোটি কৃষাণীকে সঠিকভাবে মূল্যায়ন করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা